

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়
ফটিকছড়ি, চট্টগ্রাম।

স্মারক নং-৪১.০১.১৫৩৩.০০০.১৬.০০০.২২ -২৩ (ম)

তারিখঃ- ১৬/০১/২০২২ ই

“সভার বিজ্ঞপ্তি”

এতদ্বারা সম্মানিত সকল সদস্যগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উপজেলা মুক্তিযোদ্ধা বিষয়ক কমিটির এক সভা আগামী ১২/০১/২০২২ ইং তারিখ বিকাল ৩:০০ ঘটিকার সময় অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

স্থান : মহিলা ভাইস-চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষে।

আলোচ্যসূচীঃ-

- ০১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
- ০২। বীর মুক্তিযোদ্ধাদের গৃহনির্মাণ সংক্রান্ত।
- ০৩। গৃহহীন বীর মুক্তিযোদ্ধাদের সেবা নিশ্চিতকরণ।
- ০৪। বিবিধ।

Ranjit
10.01.2022

(রাজীব আচার্য্য)

উপজেলা সমাজসেবা অফিসার

ও

সদস্য সচিব

উপজেলা মুক্তিযোদ্ধা বিষয়ক কমিটি
ফটিকছড়ি, চট্টগ্রাম।

সদয় জ্ঞাতার্থেঃ-

- ১। উপজেলা নির্বাহী অফিসার, ফটিকছড়ি, চট্টগ্রাম।

সদয় কার্যার্থে অনুলিপিঃ-

- ০১। মহিলা ভাইস- চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফটিকছড়ি, চট্টগ্রাম
- ০২। চেয়ারম্যান, বাগান বাজার ইউপি, ফটিকছড়ি, চট্টগ্রাম।
- ০৩। চেয়ারম্যান, নারায়নহাট ইউপি, ফটিকছড়ি, চট্টগ্রাম।
- ০৪। চেয়ারম্যান, সুয়াবিল ইউপি, ফটিকছড়ি, চট্টগ্রাম।

উপজেলা মুক্তিযোদ্ধা বিষয়ক কমিটির ১৪নং সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব জেবুর নাহার মুক্তা, মহিলা ভাইস- চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফটিকছড়ি, চট্টগ্রাম।
সভার তারিখ : ১২/০১/২০২২খ্রিঃ।
সময় : বিকাল ৩:০০ ঘটিকা।
স্থান : মহিলা ভাইস-চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষে।


উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের নাম, নাম, পদবী ও স্বাক্ষরঃ- পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি মুক্তিযোদ্ধা কমিটির সদস্য-সচিবকে আলোচ্যসূচী নিয়ে আলোচনা করার জন্য অনুরোধ করেন। অতঃপর সদস্য-সচিব সভাকে নিম্নবর্ণিত আলোচ্যসূচীর উপর আলোক পাত করেন।

০১. বিগত সভার কার্যবিবরণ পাঠ করে শুনানো হয়। সভায় উপস্থিত ০৫ জনই পক্ষে মত দেয়ায় ১০০% ভোটে সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় নিম্নলিখিত বিষয়ে আলোচনা ও সুপারিশ সমূহ গৃহীত হয়।

আলোচ্য বিষয়	আলোচনা	সুপারিশ	পরিষদের সভায় উপস্থাপনকারী
বীর মুক্তিযোদ্ধাদের গৃহনির্মাণ সংক্রান্ত আলোচনা।	গৃহহীন বীর মুক্তিযোদ্ধাদের গৃহ নির্মাণ এবং সঠিক গৃহহীন বীর মুক্তিযোদ্ধা কিনা যাচাই-বাছাই করে সঠিক ব্যবস্থা সংক্রান্ত বিষয় নিয়ে আলোচনা করা হয়।	উক্ত সভায় সবার সম্মতিক্রমে সঠিক গৃহহীন বীর মুক্তিযোদ্ধাদের গৃহনির্মাণ প্রকল্পের আওতায় আনার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা সমাজসেবা অফিসার
গৃহহীন বীর মুক্তিযোদ্ধাদের সেবা নিশ্চিতকরণ	অস্বচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের স্বচ্ছলতা প্রদানের অঙ্গীকার এবং কিভাবে বাস্তবায়ন করা সম্ভব তা নিয়ে আলোচনা করা হয়।	উক্ত সভায় সকলে একমত হন যে, সকল অস্বচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের সেবা এবং সুরক্ষা নিশ্চিতকরণের জন্য উক্ত কমিটির পক্ষ হতে সহযোগীতামূলক কার্যক্রম বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা সমাজসেবা অফিসার

Rahman
12.01.2022
রাজীব আচার্য্য
উপজেলা সমাজসেবা অফিসার
ফটিকছড়ি, চট্টগ্রাম।


(জেবুর নাহার মুক্তা)
উপজেলা মহিলা ভাইস-চেয়ারম্যান
উপজেলা পরিষদ ফটিকছড়ি
ও
সভাপতি
উপজেলা মুক্তিযোদ্ধা বিষয়ক কমিটি
ফটিকছড়ি, চট্টগ্রাম।